



জনগণের স্বার্থই বিএনপির রাজনীতির মূল ভিত্তি : জুবাইদা রহমান



ডা. জুবাইদা রহমান। ছবি: সংগৃহীত

বিএনপির রাজনীতি সুসংগঠিত পরিকল্পনার ওপর দাঁড়িয়ে আছে বলে মন্তব্য করেছেন দলটির চেয়ারপারসন তারেক রহমানের সহধর্মিণী ডা. জুবাইদা রহমান।

বুধবার (৪ ফেব্রুয়ারি) রাজধানীর হাতিরঝিলে পেশাজীবীদের আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

ডা. জুবাইদা রহমান বলেন, দেশের সামনে বহু চ্যালেঞ্জ রয়েছে, তবে সঠিক পরিকল্পনা থাকলে সেগুলোর সমাধান সম্ভব। তিনি বলেন, ব্যক্তিস্বার্থের আগে দল, দলের আগে দেশ—এমন দৃষ্টিভঙ্গিই তাদের রাজনীতির মূল ভিত্তি। ক্ষমতার চেয়ে জনগণের কল্যাণ এবং সবার আগে বাংলাদেশের স্বার্থকে প্রাধান্য দেওয়ার কথাও তুলে ধরেন তিনি।

সমতার প্রশ্নে তিনি বলেন, বৈষম্যের পরিবর্তে সবার জন্য সমান সুযোগ নিশ্চিত করতে হবে। শ্রমের মর্যাদা, মেধার যথাযথ মূল্যায়ন এবং মেধাভিত্তিক নিয়োগব্যবস্থার ওপর গুরুত্বারোপ করেন তিনি। শোষণের পরিবর্তে অধিকার প্রতিষ্ঠার আহ্বান জানিয়ে ডা. জুবাইদা রহমান বলেন, এমন একটি রাষ্ট্রব্যবস্থা গড়ে তুলতে হবে যেখানে নেতৃত্বের আগে জনগণের স্বার্থ অগ্রাধিকার পায়। এ লক্ষ্য অর্জনে সবার সম্মিলিত উদ্যোগ প্রয়োজন বলেও তিনি উল্লেখ করেন।